

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 30/12/2025

Time: 1-40 PM

DEO: KB

Desk in Charge :- Kalyan L.

Compiling :- Jayanta S.

NRT : Anindya C.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্যে আসন্ন বিধানসভা ভোটে অনুপ্রবেশের বিরুদ্ধে লড়াই হবে বলে বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন।

২/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী - SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে। # SIR-এর দাবিদাওয়া এবং আপত্তি পর্ব চলাকালীন ৬, ৭ ও ৮ নম্বর ফর্ম গ্রহণের জন্য বুথ লেভেল আধিকারিকদের বাড়তি দায়িত্ব দিয়েছে নির্বাচন কমিশন।

৩/ আন্দামানের পোর্ট ব্লেয়ারে নেতাজী সুভাষচন্দ্র বসুর ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলনের দিনটি আজ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে স্মরণ করা হচ্ছে।

৪/ যাত্রী সুবিধার্থে ইংরেজি বর্ষবরণের রাতে মেট্রো রেল, ব্লু লাইনে আপ ও ডাউন সহ মোট ৮টি পরিষেবা দেবে।

৫/ চলতি মরশ্মে দক্ষিণবঙ্গে আজ সবচেয়ে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, যা উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রার থেকেও নিচে।

রাজ্যে আসন্ন বিধানসভা ভোটে অনুপ্রবেশের বিরুদ্ধে লড়াই হবে বলে বর্ষীয়ান বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, রাজ্যে এখন থেকে এপ্রিল মাস পর্যন্ত অত্যন্ত গুরুত্বপূর্ণ সময়। নির্বাচনের পর বর্তমানের অপশাসন, অনুপ্রবেশ এবং দুর্নীতির পরিবর্তে সুশাসন ও দরিদ্র কল্যাণের সরকার গড়ে উঠবে। তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের আমলে অপশাসন, অনুপ্রবেশ এবং দুর্নীতির ফলে মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে।

(বাইট- অমিত /অনুপ্রবেশ)

যেসব রাজ্যে NDA সরকার আছে, সেখানে দরিদ্রদের কল্যাণে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে। এরাজ্যে NDA সরকার তৈরী হলে, অনুপ্রবেশ আটকানো সম্ভব হবে এবং তাদের চিহ্নিত করে ফেরত পাঠানো হবে। শ্রী শাহ বলেন, মমতা ব্যানার্জির প্রশ়ংসিত পশ্চিমবঙ্গে অনুপ্রবেশ হচ্ছে, কিন্তু তিনি দায় চাপাচ্ছেন BSF-এর ওপর। মমতা ব্যানার্জি সরকার রাজ্যে CAA- করতেও বাধা দিচ্ছে এবং সাম্প্রদায়িক তোষণ এখানে নিয়মে পরিণত হয়েছে।

শ্রী শাহ আরো বলেন, রাজ্যে উন্নয়ন থমকে আছে। কেন্দ্রীয় প্রকল্প চালু করার ক্ষেত্রেও মুখ্যমন্ত্রী তাঁর ভোট ব্যাংকের বিষয়ে চিন্তাভাবনা করেন। এছাড়া দুর্নীতি, তোলাবাজি, শিল্প চলে যাওয়া, মহিলাদের সুরক্ষার অভাব সহ বিভিন্ন বিষয় উল্লেখ করে শ্রী শাহ বলেন, রাজ্যের মানুষ আর চুপ করে থাকবে না। ২০২৬-এর নির্বাচনে মানুষই জবাব দেবে এবং বাংলায় বিজেপির সরকার গড়ে উঠবে বলে তিনি আশা প্রকাশ করেন।

(বাইট- অমিত / মহিলা সুরক্ষা)

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী- SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যাচোলনা করতে নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আজ পশ্চিমবঙ্গে আসছে।

দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিসিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। রাজ্যে পৌঁছে প্রতিনিধি দলটি প্রথমে বেশ কয়েকটি শুনানি কেন্দ্র যাবে। পরে তাঁরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের সঙ্গে বৈঠক করবেন। এরপর কলকাতা উত্তর ও দক্ষিণ, দুই ২৪ পরগণা, হাওড়া, হুগলী, পূর্ব ও পশ্চিম বর্ধমানের জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকের কর্মসূচী রয়েছে তাদের। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আয়োজিত ঐ বৈঠকে বহুতল আবাসনগুলিতে পৃথক ভোটকেন্দ্র তৈরির বিষয়ে আলোচনা হবে। বিকেলে রাজ্যের সব জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কথা বলবে কমিশনের প্রতিনিধি দল।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় দাবিদাওয়া এবং আপত্তি পর্ব চলাকালীন ৬, ৭ ও ৮ নম্বর ফর্ম গ্রহণের জন্য বুথ লেভেল আধিকারিকদের বাড়তি দায়িত্ব দিয়েছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সপ্তাহের কাজের দিনের মধ্যে যেকোনো তিনিদিন বিএলও-দের নিজের বুথে অন্তত দু'ঘণ্টা করে উপস্থিত থাকতে হবে। পাশাপাশি, ছুটির দিনগুলিতে অন্তত চার ঘণ্টা করে বুথে বসে ভোটারদের কাছ থেকে ৬, ৭ ও ৮ নম্বর ফর্ম সংগ্রহ করতে হবে।

নির্দেশিকায় আরও বলা হয়েছে, শুনানি প্রক্রিয়ায় যাতে ব্যাঘাত না ঘটে, সেই জন্য এই সময়সূচি ERO এবং AERO-দের সঙ্গে আলোচনা করে প্রয়োজনে সামান্য রদবদল করা যেতে পারে। তবে ভোটার ও সংশ্লিষ্ট আধিকারিকদের সুবিধার্থে নির্ধারিত সময়সূচি ব্যাপকভাবে প্রচারের নির্দেশও দেওয়া হয়েছে।

পূর্ব বর্ধমানের কাটোয়ার ২৩ নম্বর বুথের নিখোঁজ বিএলও অমিতকুমার মণ্ডলকে পুরী থেকে উদ্ধার করেছে পুলিশ। কেতুগামের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতার পাশাপাশি শেয়ার মার্কেটে টাকা বিনিয়োগ করতেন তিনি। বাজারে লক্ষাধিক টাকা খণ হওয়ার জন্যই পুরীতে গিয়ে বন্ধুর বাড়িতে আত্মগোপন করেছিলেন বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে। আজ তাঁর গোপন জবানবন্দি নেওয়া হবে।

উল্লেখ্য, গত ২৩ তারিখ হঠাতে নিখোঁজ হয়ে যান অমিতকুমার।

SIR-এর শুনানি পর্বে তথ্য যাচাইয়ের জন্য বয়স্ক ও অসুস্থ ভোটারদের কেন্দ্রে হাজির হতে বাধ্য করা যাবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। কমিশনের তরফে জারি করা এক নির্দেশিকায় বলা হয়েছে, ৮৫ বছর বা তার বেশি বয়সী ভোটার, গুরুতর অসুস্থ ব্যক্তি এবং বিশেষভাবে সক্ষমদের ক্ষেত্রে মানবিক দৃষ্টিভঙ্গি গ্রহণ করতে হবে। এই শ্রেণির ভোটাররা নিজেরা বা তাঁদের হয়ে কেউ অনুরোধ জানালে তাঁদের শুনানির জন্য ডাকা যাবে না। ইতিমধ্যেই যদি কোনও নোটিস জারি হয়ে থাকে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভোটারের সঙ্গে ফোনে যোগাযোগ করে শুনানিতে না আসার অনুরোধ জানানো যেতে পারে। যাচাই প্রক্রিয়া প্রয়োজনে তাঁদের নিজ বাসভবনেই সম্পন্ন করা হবে।

তৃণমূল কংগ্রেস নেতৃী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বাঁকুড়া গেছেন। বড়জোড়ার বীরসিংহপুর মাঠে একটি দলীয় জনসভায় বক্তব্য রাখবেন তিনি। কলকাতা থেকে সরাসরি আকাশপথে মুখ্যমন্ত্রী সভাস্থলে পৌঁছবেন। তাঁর সফরকে ঘিরে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করেছে প্রশাসন।

দেশের বিভিন্ন রাজ্যে বাঙালী পরিযায়ী শ্রমিকদের বাংলাদেশী সন্দেহে হেনস্থা বন্ধ করার আবেদন জানিয়ে প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। সম্প্রতি মুর্শিদাবাদের সুতির বাসিন্দা জুয়েল রানা বলে এক যুবকের ওড়িষ্যার সম্বলপুরে হত্যার ঘটনা উল্লেখ করে দ্রুত ব্যাবস্থা গ্রহনের আর্জি জানিয়েছেন তিনি।

মতুয়াদের নাগরিকত্ব ও ভোটাধিকার সুনিশ্চিত করার দাবীতে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী ফের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-কে চিঠি লিখেছেন। তিনি জানিয়েছেন, রাজ্যের জনসংখ্যার প্রায় সাড়ে ১৭ শতাংশ মতুয়া সম্প্রদায়ের মানুষ। এস আই আর প্রক্রিয়ায় তাঁদের একটা বড় অংশ ভোটাধিকার হারানোর আশঙ্কায় রয়েছেন।

আজকের প্রসঙ্গে আজ শুনবেন কর ও রাজস্ব সংস্কারে কেন্দ্রীয় সরকারের সার্বিক উদ্যোগ নিয়ে একটি বিশেষ আলোচনা। আলোচনায় অংশ নিয়েছেন আয়কর বিশেষজ্ঞ তথা একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর ডঃ মৈনান রায়। তাঁর সঙ্গে কথা বলেছেন অভিজ্ঞপ ভট্টাচার্য।

২০২৫ এর একেবারে শেষ প্রান্তে দাঁড়িয়ে আমরা। এই বছরে আমরা বিশ্বের দরবারে দেশের ঐতিহ্যবাহী সংস্কৃতি, শিল্প ও আধ্যাত্মিকতাকে পৌঁছে দিতে পেরেছি।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল কাশফিন)

আন্দামানের পোর্ট ব্লেয়ারে নেতাজী সুভাষচন্দ্র বসুর ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলনের স্মরণে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

১৯৪৩ সালের ৩০ শে ডিসেম্বর ঐতিহাসিক ঐ দিনটিতে নেতাজি সুভাষচন্দ্র বসু আন্দামানের পোর্ট ব্লেয়ারের জিমখানা মাঠে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলনের মধ্য দিয়ে স্বাধীনতার বার্তা দেন। ঐদিনই নেতাজি সুভাষচন্দ্র বসু, আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জকে ব্রিটিশ শাসন মুক্ত ভারতীয় ভূখণ্ড হিসেবে ঘোষণা করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ স্বাধীনতা সংগ্রামে নেতাজি সুভাষ চন্দ্র বসুর অবিস্মরণীয় অবদানের কথা স্মরণ করেছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে ত্রী মোদি বলেন, ১৯৪৩ সালের ৩০শে ডিসেম্বর নেতাজি অতুলনীয় সাহস ও বীরত্বের সঙ্গে পোর্ট ব্লেয়ারের জিম খানা মাঠে, বর্তমানে নেতাজি স্টেডিয়ামে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন করেছিলেন। ঐদিন নেতাজি সুভাষচন্দ্র বসু আন্দামান নিকোবর দ্বীপ পুঞ্জ কে ব্রিটিশ শাসন মুক্ত ভারতীয় ভূখণ্ড হিসেবে সর্ববে ঘোষণা করেন। এটিই কার্যত দেশের স্বাধীনতার সূচনা।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন যে, ইতিহাসের এই মুহূর্তটি সমগ্র জাতিকে মনে করিয়ে দেয় যে স্বাধীনতা কেবল আকাঙ্ক্ষার মাধ্যমে অর্জিত হয় না, বরং তা শক্তি, কঠোর পরিশ্রম, ন্যায়বিচার এবং সম্মিলিত সংকল্পের মাধ্যমে অর্জিত হয়।

যাত্রীদের সুবিধার্থে ইংরেজি নববর্ষের আগের রাতে অর্থাৎ আগামীকাল মেট্রো রেল ব্লু লাইনে আপ ও ডাউন সহ মোট ৮টি পরিষেবা দেবে। ওইদিন রাত সাড়ে ১০ টায় শহীদ ক্ষুদ্রিম থেকে দমদম পর্যন্ত বিশেষ পরিষেবা দেওয়া হবে। এছাড়া, রাত ৯ টা চাল্লিশ, ৯ টা ৫২, ১০ টা ৫ এবং রাত ১০ টা ১৮ মিনিটে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদ্রিম, এবং রাত ৯ টা ৫৪, ১০ টা চার ও রাত ১০ টা ১৭ মিনিটে শহীদ ক্ষুদ্রিম থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত বিশেষ পরিষেবা দেওয়া হবে। তবে ওই দিন ব্লু লাইনে প্রথম পরিষেবা একই থাকবে।

গ্রিন, ইয়েলো, পার্পেল লাইন, ও অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা অন্যান্য দিনের মত স্বাভাবিক থাকবে বলে মেট্রো রেল সুত্রের খবর।

চলতি শীতের মরশ্মে আজ দক্ষিণবঙ্গে সব থেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, যা উত্তরবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রার থেকেও নিচে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক দশমিক দুই ডিগ্রি কম। দক্ষিণবঙ্গের সব থেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পুরুলিয়ায়, স্বাভাবিকের তুলনায় সাড়ে চার ডিগ্রি কম, সাত দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস যা, এই মৌসুমের শীতলতম। এছাড়া শ্রীনিকেতন, বাঁকুড়া, বর্ধমান, আসানসোল, সিউড়ি, বহরমপুর, কল্যাণীতে সর্বনিম্ন তাপমাত্রা ১০ বা তার নিচে রেকর্ড করা হয়েছে।

উত্তরবঙ্গে সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে আলিপুরদুয়ারে ৮ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল ৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

আগামীকাল পর্যন্ত দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে কুয়াশার সম্ভাবনা রয়েছে। উত্তরবঙ্গের জেলাগুলিতে আগামী চার দিন ঘন কুয়াশার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দণ্ডন।
